# সিজিএ নিউজ
# CGA NEWS

সংখ্যাঃ ০৩ | বর্ষঃ ২-২০১৫ | জুলাই-ডিসেম্বর, ২০১৫


## ভূমিকা

এক অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলছে বাংলাদেশ। Sustainable Development Goals (SDG) অর্জনের লক্ষ্যে অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারী আর্থ ব্যবস্থাপনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাবে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় অর্পিত দায়িত্বসমূহ পেশাদারিত্বের সাথে এবং প্রযুক্তির সর্বাধিক প্রয়োগের মাধ্যমে আরও উন্নত, বেগবান ও বিস্তৃত করার জন্য কাজ করে যাচ্ছে। প্রতিনিয়ত উদ্ভাবনী চিন্তা ও প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে সেবাসমূহকে আরো উন্নত মোড়কে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেবার লক্ষ্যে কর্মপ্রয়াস অব্যাহত রেখেছে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়।

## এ সংখ্যায় যা থাকছে


- সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ
- পরিদর্শন
- বিশেষ সভা
- সিনিয়র কর্মকর্তাদের সিজিএ কার্যালয় পরিদর্শন
- বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিদের সিজিএ কার্যালয় পরিদর্শন
- প্রশিক্ষণ ও উপস্থাপনা
- ICT ইনিসিয়েটিভস
- কর্পোরেট সোসাল রেসপনসিবিলিটি(সিএসআর)


## সাম্প্রতিক সময়ে গৃহীত পদক্ষেপ

### বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক ( Annual Performance Agreement)

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives), কার্যাবলী (Functions) ইত্যাদি নির্ধারন করে অর্থ বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।



বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারকে স্বাক্ষর করছেন অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ ও হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম

বিগত ৬অক্টোবর, ২০১৫ খ্রিঃ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে অর্থ বিভাগের আওতাধীন হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

### শুদ্ধাচার কর্মপরিকল্পনা (National Integrity Strategy)

সুশাসন প্রতিষ্ঠা ও গুণগত সেবা প্রদানের লক্ষ্যে বিগত ১৬ নভেম্বর, ২০১৫খ্রিঃ তারিখে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা সর্বসাধারণের জ্ঞাতার্থে সিজিএ কার্যালয়ের ওয়েব সাইটে (www.cga.gov.bd) প্রকাশ করা হয়েছে। সিজিএ কার্যালয়ের নৈতিকতা কমিটি, ইনোভেশন টিম, অভিযোগ নিষ্পত্তি, তথ্য অধিকার আইন বাস্তবায়ন ইত্যাদি বিষয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে।

### নবগঠিত হিসাবরক্ষন অফিস উদ্বোধন

সুনামগঞ্জ জেলার অন্তর্গত দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় উপজেলা হিসাবরক্ষন অফিসের কার্যক্রম চালু করা হয়েছে। বিগত ৩০ আগষ্ট,২০১৫ খ্রিঃ তারিখে সরকারের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান এমপি, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, এক অনুষ্ঠানে নবগঠিত দক্ষিন সুনামগঞ্জ উপজেলা হিসাবরক্ষন অফিসের উদ্বোধন ঘোষনা করেন। হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম বিশেষ অতিথি হিসাবে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা হিসাবরক্ষণ অফিস উদ্বোধন করছেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান এমপি, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়কে Paperless অফিস করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে সিজিএ মহোদয় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নেয়ার জন্য যার যার অবস্থান থেকে প্রস্তুতি গ্রহণের আহবান জানান।

### Online Pay Fixation

ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রতিশ্রুতিবদ্ধ বর্তমান সরকারের মূল শ্লোগান 'ভিশন ২০২১' কে ধারণ করে সিজিএ কার্যালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে Online Pay Fixation হলো মাইল ফলক সৃষ্টিকারী নতুন এক সংযোজন। সরকার কর্তৃক জারীকৃত জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর আওতায় সকল সরকারী চাকুরিজীবির বেতন ও পেনশন Online এ নির্ধারন

করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফলে Online Pay Fixation কর্মসূচী সফল করার জন্য সিজিএ কার্যালয় ব্যাপক পূর্ব প্রস্তুতি গ্রহণ করে। এরই অংশ হিসাবে বেতন নির্ধারনের সঙ্গে সংশ্লিষ্ট সিজিএ কার্যালয়সহ ঢাকাস্থ সকল প্রধান হিসাব রক্ষণ কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসসমূহে কর্মরত সকল কর্মচারীকে ধাপে ধাপে এই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। Online Pay Fixation কর্মসূচীর আওতায় সকল চাকুরিজীবির বেতন নির্ধারন চলমান রয়েছে।



স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সামনে Online Pay Fixation- ২০১৫ উপস্থাপন করছেন সিজিএ নিজে

## পরিদর্শন

### সিজিএ কর্তৃক মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন

সিজিএ কার্যালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং সর্বোপরি গুণগত সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করে থাকেন। প্রতিটি অফিস পরিদর্শনকালে তিনি সেকশন ভিত্তিক কর্মবন্টন থেকে শুরু করে একাউন্টস মনিটরিং সিস্টেম, কর্মচারীদের বেতন রেজিস্টার, জিপিএফ রেজিস্টার, এলপিসি, অফিসের কর্মপরিবেশ ও পরিস্কার পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয় পর্যবেক্ষণ করে থাকেন ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। জাতীয় বেতন স্কেল-২০১৫ জারী করার পর তিনি যে সকল অফিস পরিদর্শন করেছেন সেখানে বিশেষ করে Online Pay Fixation সম্পর্কে কর্মচারীদের হাতে কলমে প্রশিক্ষণ দিয়েছেন।



ডিএও, ময়মসিংহে জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সাথে সিজিএ



ডিএও, কিশোরগঞ্জ পরিদর্শন করছেন সিজিএ

জুলাই'২০১৫ থেকে ডিসেম্বর'২০১৫ পর্যন্ত সিজিএ মহোদয় যে সমস্ত অফিস পরিদর্শন করেছেন তার সারসংক্ষেপ নিম্নে তুলে ধরা হলো ঃ

| অফিসের নাম | পরিদর্শনের তারিখ |
|---|---|
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, মির্জাপুর, টাংগাইল | ১০ সেপ্টেম্বর, ২০১৫ |
| জেল্যা হিসাবরক্ষণ অফিস, টাংগাইল | ১০ সেপ্টেম্বর, ২০১৫ |
| ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চট্টগ্রাম | ৪ অক্টোবর, ২০১৫ |
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, মিরেরসরাই, চট্টগ্রাম | ৫ অক্টোবর, ২০১৫ |
| জেলা হিসাবরক্ষণ অফিস, কুমিল্লা | ৫ অক্টোবর, ২০১৫ |
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, ভালুকা, ময়মনসিংহ | ১২ ডিসেম্বর, ২০১৫ |
| জেলা হিসাবরক্ষণ অফিস, ময়মনসিংহ | ১২ ডিসেম্বর, ২০১৫ |
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, দূর্গাপুর, নেত্রকোনা | ১৩ ডিসেম্বর, ২০১৫ |
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, কলমাকান্দা, নেত্রকোনা | ১৩ ডিসেম্বর, ২০১৫ |
| জেলা হিসাবরক্ষণ অফিস, নেত্রকোনা | ১৩ ডিসেম্বর, ২০১৫ |
| উপজেলা হিসাবরক্ষণ অফিস, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ | ১৩ ডিসেম্বর, ২০১৫ |
| জেলা হিসাবরক্ষণ অফিস, কিশোরগঞ্জ | ১৪ ডিসেম্বর, ২০১৫ |

## বিশেষ সভা

### ডিডিওদের সাথে মতবিনিময়

সিজিএ কার্যালয়ের নিরীক্ষাধীন বিভিন্ন অফিসের ডিডিওদের সাথে নিয়মিত মতবিনিময়ের অংশ হিসাবে বিগত ১৬ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন Statistics and Information Management Division এর ডিডিওদের সাথে সিজিএ অফিসের এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।



Statistics and Information Management Division
এর কর্মকর্তাদের মতবিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সিজিএ

উক্ত মতবিনিময় অনুষ্ঠানে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম অফিসসমূহের মধ্যে সুসম্পর্ক ও কর্মপরিবেশ বজায় রেখে সকল বিধিবিধান পালন সাপেক্ষে মানসম্মত সেবা প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান।

## iBAS++ উন্নয়ন ও নতুন শ্রেণিবিন্যাস বিষয়ক কর্মশালা

বিগত ১১ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখে বগুড়ায় Rural Development Academy (RDA) তে PEMS কর্মসূচী "Development of iBAS++ and New Classification"এর উপর এক কর্মশালার আয়োজন করে। অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ প্রধান অতিথি এবং হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম বিশেষ অতিথি হিসাবে উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন। এছাড়া অর্থ বিভাগ, PEMS কর্মসূচী ও সিজিএ কার্যালয়ের অন্যান্য কর্মকর্তারাও উক্ত কর্মশালায় যোগ দেন। বর্তমান বাজেটিং ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো আধুনিকায়ন করার বিষয়ে কর্মকর্তাগণ নিজেদের মধ্যে মতবিনিময় করেন।




"Development of iBAS++ and New Classification" বিষয়ক কর্মশালায় উপস্থিত অর্থ বিভাগের সিনিয়র সচিব, হিসাব মহানিয়ন্ত্রক ও অর্থ বিভাগের অন্যান্য কর্মকর্তা

## বিভাগীয় পর্যায়ে Electronic Fund Transfer( EFT) সম্প্রসারন

বর্তমানে ঢাকায় প্রধান হিসাবরক্ষণ অফিস পর্যায়ে কর্মচারীদের বেতন ভাতাদি EFT এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। বিগত ৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে বর্তমান EFT এর পরিধি বিভাগীয় পর্যায়ে চালু করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক, সিজিএ অফিস ও PEMS কর্মসূচীর কর্মকর্তাদের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভাগীয় পর্যায়ের ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয়সমূহে দ্রুততম সময়ে EFT চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।



সিজিএ মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় পর্যায়ে EFT চালুকরণ সংক্রান্ত সভা

## সিনিয়র কর্মকর্তাদের সিজিএ কার্যালয় পরিদর্শন

সরকারের অনেক গুরুত্বপূর্ণ কর্মকর্তা বিভিন্ন সময়ে সিজিএ অফিসে সৌজন্য সাক্ষাতে আসেন। জুলাই-ডিসেম্বর, ২০১৫ সময়ে নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ সিজিএ মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন ঃ

| নাম | পদবী | সময় |
|---|---|---|
| জনাব সুফি মোঃ আওসাফুল ইসলাম | সাবেক একাউন্টেন্ট জেনারেল, বাংলাদেশ | ১ ডিসেম্বর, ২০১৫ |
| জনাব মোঃ আশরাফুল কামাল | বিচারপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাই কোর্ট বিভাগ | ২৪ ডিসেম্বর, ২০১৫ |

## বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিদের সিজিএ কার্যালয় পরিদর্শন

বাংলাদেশের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে নিয়োজিত World Bank ও IMF এর প্রতিনিধিসহ বিভিন্ন সময়ে বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিগণ সরকারের গুরুত্বপূর্ণ আর্থিক প্রতিষ্ঠান হিসাবে সিজিএ কার্যালয় পরিদর্শন করেছেন।

জুলাই-ডিসেম্বর, ২০১৫ সময়ে নিম্নে বর্ণিত বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিগণ সিজিএ মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন ঃ

| নাম | পদবী ও প্রতিষ্ঠান | সময় |
|---|---|---|
| 1.Mr. Eliko Pedastsaar<br>2.Mr. Sandeep Saxena<br>3.Mr. Peter Gerald Muir | 1.Technical Assistance Advisor, IMF<br>2.Senior Economist, IMF<br>3.Consultant, IMF | 11 August, 2015 |
| Ms. Tracey Marie Lane | Sr. Economist, Governance, World Bank | 8 Sept, 2015 |
| Mr. David Shand | Public Financial Management (PFM) Consultant, World Bank | 22 Sept, 2015 |
| Mr. Michael G. Aguinaldo | Chairperson, Commission on Audit, Philippines | 28th October, 2015 |
| Ms. Yoko Nagashima | Senior Education Specialist, World Bank | 11 Nov, 2015 |
| Mr. Kris H Kauffmann | Advisor, IMF | 26th Nov, 2015. |

## প্রশিক্ষণ ও উপস্থাপনা

হিসাবরক্ষণ কার্যক্রম গতিশীল ও ইফেক্টিভ করার জন্য সিজিএ অফিসে নিয়মিত উপস্থাপনার আয়োজন করা হয়। এতে প্রফেশনালিজম বৃদ্ধির সাথে সাথে কর্মকর্তাদের কাজে দক্ষতা বাড়ানোর বিষয় আলোচিত হয়। ফলে দ্রুত সেবা দান কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পায়। নিম্নে এর সার সংক্ষেপ দেয়া হলো ঃ

| উপস্থাপনার বিষয় | উপস্থাপনা প্রদানকারী | সময় |
|---|---|---|
| বেতন নির্ধারন | সিএও/গৃহায়ণ ও গণপূর্ত, সিএও/অর্থ বিভাগ এবং সিএও/রাষ্ট্রপতির কার্যালয় | ২০ সেপ্টেম্বর,২০১৫ |
| Ethics & Morality | হিসাব মহানিয়ন্ত্রক | ১৩ অক্টোবর,২০১৫ |
| Preparatory presentation on "Online Pay Fixation 2015" | হিসাব মহানিয়ন্ত্রক এবং PEMS কর্মসূচীর কর্মকর্তাবৃন্দ | ১২ নভেম্বর,২০১৫<br>৭ ডিসেম্বর,২০১৫ |
| "New Classification | IMF প্রতিনিধিবৃন্দ | ১০ ডিসেম্বর,২০১৫ |

## বিপিএটিসি, সাভারে বিভিন্ন কোর্সে অংশগ্রহনকারী সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণের সিজিএ কার্যালয়ে সংযুক্তিমূলক প্রশিক্ষণ

সাভারে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) তে প্রশিক্ষণরত বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী, সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণের সিজিএ কার্যালয়ে বিভিন্ন সময়ে একদিনের স্বল্পকালীন সংযুক্তিমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে সরকারী আর্থিক ব্যবস্থাপনায় সিজিএ কার্যালয়ের ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোকপাত করা হয়। এছাড়া সিজিএ কার্যালয় কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা ও হিসাব ব্যবস্থাপনার প্রযুক্তিগত দিক সম্পর্কে কর্মকর্তাগণের বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য তাঁদেরকে বিভিন্ন প্রধান হিসাবরক্ষণ কার্যালয়ে সংযুক্ত করা হয়।



বিপিএটিসি'র সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন সিজিএ

গত জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত সময়ে যে সমস্ত কোর্সের কর্মকর্তাগণ সিজিএ অফিসে সংযুক্তিতে এসেছেন সেই বিষযক তথ্য নিম্নে তুলে ধরা হলোঃ

| কোর্সের নাম | সময় |
|---|---|
| ৭২ তম Senior Staff Course (SSC) | ৩ সেপ্টেম্বর, ২০১৫ |
| ১০৩তম Advanced Course on Administration and Development (ACAD) | ২০ অক্টোবর, ২০১৫ |
| ৭৩ তম Senior Staff Course (SSC) | ১৫ নভেম্বর, ২০১৫ |

## ICT ইনিসিয়েটিভস

হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম বিগত ১১ অক্টোবর, ২০১৫ খ্রিঃ তারিখে প্রধান হিসাবরক্ষণ অফিস, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েব সাইট পেইজ (http://www.caordcd.gov.bd) উদ্বোধন করেন। অবাধ তথ্য প্রবাহের বর্তমান বিশ্বে সিএও, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ অন্যান্যদের জন্য অনুসরনীয় হতে পারে বলে সিজিএ মহোদয় মন্তব্য করেন।



সিএও, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েব সাইট পেইজ উদ্বোধন করছেন সিজিএ

## কর্পোরেট সোসাল রেসপনসিবিলিটি (সিএসআর)

### গ্রেড-১ প্রাপ্তিতে সিজিএ মহোদয়কে অভিনন্দন

হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম এর গ্রেড-১ এ পদোন্নতি প্রাপ্তিতে তাঁকে অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন সংগঠনসহ সিজিএ কার্যালয়ের আওতাধীন বিভিন্ন অফিসে কর্মরত কর্মচারীরা।




গ্রেড-১ প্রাপ্তিতে সিজিএ মহোদয়কে অভিনন্দন জানাচ্ছেন প্রধান হিসাবরক্ষন কর্মকর্তাগণ

### পেনশনারদের স্বাস্থ্য পরীক্ষা

সিজিএ কার্যালয়ের আওতাধীন বিভিন্ন হিসাবরক্ষণ অফিসে আগত বয়স্ক ও বৃদ্ধ পেনশনারদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রায় প্রতিটি হিসাবরক্ষণ অফিস কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হিসাবরক্ষণ অফিসের সার্বিক ব্যবস্থাপনায় স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্স এর ডাক্তার দ্বারা সপ্তাহে দুই বা তিন দিন আগত পেনশনারদের এই স্বাস্থ্য সুবিধা প্রদান করা হচ্ছে।



জেলা হিসাবরক্ষন অফিস, পিরোজপুরে স্বাস্থ্য পরীক্ষারত উপস্থিত পেনশনারগণ

প্রকাশনায় ঃ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
পিএবিএক্সঃ ৯৩৩০১০১-৫, ফ্যাক্সঃ +৮৮-০২-৯৩৩০১০৭, ই-মেইলঃ cga@finance.gov.bd, ওয়েবঃ www.cga.gov.bd